www.prepp.in



# বাংলা / BENGALI

## প্রশ্নপত্র II / Paper II

## ( সাহিত্য ) / ( LITERATURE )

| | |
|---|---|
| সময় : 3 ঘন্টা<br>*Time Allowed : **Three** Hours* | পূর্ণাঙ্ক : 250<br>*Maximum Marks : 250* |

## প্রশ্নপত্র-সংক্রান্ত আবশ্যিক নির্দেশাবলী

***উত্তর লেখার পূর্বে নিম্নে প্রদত্ত প্রতিটি নির্দেশ যত্ন সহকারে পড়ুন :***

প্রশ্নপত্রের **দুটি ভাগে** সর্বসমেত **আটটি (8)** প্রশ্ন আছে ।

পরীক্ষার্থীকে সর্বসমেত **পাঁচটি (5)** প্রশ্নের উত্তর দিতে হবে ।

**প্রথম (1)** এবং **পঞ্চম (5)** প্রশ্ন দুটি আবশ্যিক । অবশিষ্ট **তিনটি (3)** দুটি বিভাগ থেকে অন্তত **একটি** করে নির্বাচন করতে হবে ।

প্রতিটি প্রশ্ন/প্রশ্নাংশের জন্য নির্ধারিত মূল্য দেওয়া হয়েছে ।

উত্তরগুলি **বাংলা (বাংলা লিপি)** অক্ষরে লিখতে হবে ।

কোনো প্রশ্নের সঙ্গে উত্তরের জন্য নির্দিষ্ট শব্দসংখ্যা দেওয়া থাকলে তা মান্য করতে হবে ।

উত্তরগুলি অনুক্রম অনুসারে বিচার করা হবে । কোনো উত্তর বা উত্তরাংশ বাতিল করার জন্য স্পষ্ট বর্জন রেখা না থাকলে সেটি বিচার্য হবে । প্রশ্নোত্তর পুস্তিকার পৃষ্ঠ বা পৃষ্ঠার অংশ খালি থাকলে পরিষ্কারভাবে কেটে দিতে হবে ।

## Question Paper Specific Instructions

***Please read each of the following instructions carefully before attempting questions :***

*There are **EIGHT** questions divided in **TWO SECTIONS**.*

*Candidate has to attempt **FIVE** questions in all.*

*Question nos. **1** and **5** are compulsory and out of the remaining, any **THREE** are to be attempted choosing at least **ONE** question from each section.*

*The number of marks carried by a question / part is indicated against it.*

*Answers must be written in **BENGALI (Bengali script)**.*

*Word limit in questions, wherever specified, should be adhered to.*

*Attempts of questions shall be counted in sequential order. Unless struck off, attempt of a question shall be counted even if attempted partly. Any page or portion of the page left blank in the Question-cum-Answer Booklet must be clearly struck off.*

www.prepp.in

Prepp
Your Personal Exams Guide

## SECTION A

**Q1.** প্রসঙ্গ নির্দেশ করে ব্যাখ্যা লিখুন । প্রতিটি প্রশ্ন আবশ্যিক । (প্রতিটি অংশের উত্তরের জন্য শব্দসংখ্যার ঊর্ধসীমা 150) : *10×5=50*

(a) "শীতের ওঢ়নী পিয়া গিরিষের বা ।
বরিষার ছত্র পিয়া দরিয়ার না ।" *10*

(b) "অরসজ্ঞ কাক চুষে জ্ঞাননিম্বফলে
রসজ্ঞ কোকিল খায় প্রেমাম্রমুকুলে ।।" *10*

(c) "আহা মরি, সুবর্ণ দেউটি
তুলসীর মূলে যেন জ্বলিল, উজলি
দশ দিশ ।" *10*

(d) "সংসারে বৈষম্য থাকাই উচিত । প্রকৃতিই অনেক বৈষম্যের নিয়ম করিয়া আমাদিগকে এই সংসার-রঙ্গে পাঠাইয়াছেন ।" *10*

(e) "পথিক, তুমি কি পথ হারাইয়াছ ?" *10*

**Q2.** (a) বৈষ্ণব পদাবলী সাহিত্যে 'অভিসার' বলতে কী বোঝায় ? এই পর্যায়ের শ্রেষ্ঠ কবির কৃতিত্ব সম্পর্কে আলোকপাত করুন । *15*

(b) মুকুন্দ চক্রবর্তীর 'চণ্ডীমঙ্গল' কাব্যের কালকেতু-আখ্যানে করুণ রসের সঙ্গে-সঙ্গে হাস্যরসের চমৎকার প্রয়োগ লক্ষ করা যায় — উদাহরণসহ বিষয়টি স্পষ্ট করুন । *20*

(c) 'চৈতন্যচরিতামৃত' অবলম্বনে গৌড়ীয় বৈষ্ণব ধর্মের বিশিষ্টতার পরিচয় দিন । *15*

**Q3.** (a) 'মেঘনাদবধকাব্য'র চতুর্থ সর্গে সীতা-সরমার কথোপকথনের মধ্যে দিয়ে যে শান্ত রস পরিবেশিত হয়েছে তা এই কাব্যের করুণ ও বীর রসের পরিপন্থী হয়েছে কি ? — বিচার করুন । *20*

(b) 'কপালকুণ্ডলা চরিত্রটি বঙ্কিমচন্দ্রের অসাধারণ সাহিত্য-প্রতিভারই উজ্জ্বল নিদর্শন' — আপনার অভিমত ব্যাখ্যা করুন । *15*

(c) 'সোনারতরী' কাব্যের মূলসূর সূত্রাকারে লিপিবদ্ধ করুন । *15*

www.prepp.in

Prepp
Your Personal Exams Guide

**Q4.** (a) বঙ্কিমচন্দ্র তাঁর 'সাম্য' প্রবন্ধে স্ত্রীশিক্ষার প্রয়োজনীয়তার উপর বিশেষ গুরুত্ব কেন দিয়েছিলেন, আলোচনা করুন । *15*

(b) 'সোনারতরী' কাব্যগ্রন্থের প্রথম কবিতা 'সোনারতরী', শেষ কবিতা 'নিরুদ্দেশ যাত্রা' — দুটিই নৌযাত্রার রূপকল্পে রচিত । — এর তাৎপর্য ব্যাখ্যা করুন । *15*

(c) 'ছিন্নপত্রাবলী' অবলম্বনে রবীন্দ্রনাথের প্রকৃতি-চেতনার পরিচয় দিন । *20*

Prepp Your Personal Exam Guide

www.prepp.in
Prepp
Your Personal Exams Guide

## SECTION B

**Q5.** প্রসঙ্গ নির্দেশ করে ব্যাখ্যা লিখুন । প্রতিটি প্রশ্ন আবশ্যিক । (প্রতিটি প্রশ্নের উত্তরের জন্য শব্দসংখ্যার উর্ধসীমা 150) : *10×5=50*

(a) "নারীর ভিতর দিয়ে বিচিত্র রসময় প্রাণের প্রবর্তনা যদি পুরুষের উদ্যমের মধ্যে সঞ্চারিত হবার বাধা পায় তাহলেই তার সৃষ্টিতে যন্ত্রের প্রাধান্য ঘটে । তখন মানুষ আপনার সৃষ্ট যন্ত্রের আঘাতে কেবলই পীড়া দেয়, পীড়িত হয় ।" *10*

(b) "আজিকে তোমার অলিখিত নাম
আমরা বেড়াই খুঁজি'
আগামী প্রাতের শুকতারা-সম
নেপথ্যে আছে বুঝি ।" *10*

(c) "সাহিত্য মানবজীবনের প্রধান সহায়, কারণ তার কাজ হচ্ছে মানুষের মনকে ক্রমান্বয়ে নিদ্রার অধিকার হতে ছিনিয়ে নিয়ে জাগরূক করে তোলা ।" *10*

(d) "অরণ্য ও পাহাড় এদের মনকে মুক্তি দিয়াছে, দৃষ্টিকে উদার করিয়াছে — এদের ভালবাসাও সে অনুপাতে মুক্ত, দৃঢ়, উদার । মন বড় বলিয়া এদের ভালবাসাও বড় ।" *10*

(e) "বাংলার মুখ আমি দেখিয়াছি, তাই আমি পৃথিবীর রূপ খুঁজিতে যাই না আর :..." *10*

**Q6.** (a) 'রক্তকরবী' নাটকে নন্দিনীর প্রিয় রক্তকরবী ফুলটির তাৎপর্য ব্যাখ্যা করুন । *15*

(b) শেষ পর্যায়ে লেখা রবীন্দ্রনাথের 'নবজাতক' কাব্যগ্রন্থের বিশিষ্টতার পরিচয় দিন । *15*

(c) আধুনিক জীবনের স্ববিরোধ ও তার মর্মান্তিক পরিণতির যে চিত্র 'গৃহদাহ' উপন্যাসে প্রকাশ পেয়েছে তার স্বরূপ ব্যাখ্যা করুন । *20*

**Q7.** (a) প্রথম চৌধুরীর প্রবন্ধ অবলম্বনে কালিদাস ও জয়দেবের তুলনামূলক আলোচনা করুন । *15*

(b) 'আরণ্যক' উপন্যাসে একই সঙ্গে নির্মাণ ও ধ্বংসের যুগলবন্দী লক্ষণীয় — বিচার করুন । *15*

(c) মানিক বন্দ্যোপাধ্যায় তাঁর ছোটগল্পে সমাজের অবহেলিত অনাদৃত-অন্ত্যজ মানুষদের খণ্ডজীবনচিত্রের যে পরিচয় অবলীলায় তুলে ধরেছেন, সে সম্পর্কে আলোকপাত করুন । *20*

www.prepp.in

Prepp
Your Personal Exams Guide

**Q8.** (a) 'বনলতা সেন' কবিতাটি-উদাহরণসহ বিশ্লেষণ করে জীবনানন্দের কবি-প্রতিভার পরিচয় দিন । *20*

(b) 'জাগরী' উপন্যাসটি রচনাকৌশলের যে বিশিষ্টতার গুণে স্বতন্ত্র স্থানের অধিকারী — তার স্বরূপ বিবৃত করুন । *15*

(c) 'এবং ইন্দ্রজিৎ' নাটকটি বাংলা নাটকের ধারায় কীভাবে নতুনত্ব এনেছে তা আলোচনা করে বুঝিয়ে দিন । *15*

Prepp Your Personal Exam Guide